দৈনিক
ইনকিলাব

তারিখ 3 JUN 2009
পৃষ্ঠা ... কলাম ...

সংসদীয় কমিটির সুপারিশ

# সব মাদ্রাসায় বঙ্গবন্ধুর ছবি টাঙ্গাতে ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে

সংসদ রিপোর্টার

সব মাদ্রাসায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি টাঙানো, জাতীয় সঙ্গীত পরিবেশন ও জাতীয় দিবসসমূহ পালন বাধ্যতামূলক করার সুপারিশ করেছে সংসদীয় কমিটি। এছাড়া অনুমোদিত বই ছাড়া মাদ্রাসায় অন্য বই পড়ানো বন্ধের পদক্ষেপ নেয়ারও সুপারিশ করা হয়েছে। কমিটির সভাপতি রাশেদ খান মেনন এ ব্যাপারে পৃঃ ১৫ কঃ ৫

## সব মাদ্রাসায় বঙ্গবন্ধুর ছবি

১৬-এর পৃষ্ঠার পর

প্রসঙ্গটি উত্থাপন করে বলেন, কমিটির সুপারিশ কেউ অমান্য করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য বলা হয়েছে। মাদ্রাসা শিক্ষায় বিরাজমান অন্য সমস্যাগুলো নিয়েও পর্যায়ক্রমে আলোচনা হবে বলে তিনি জানান। গতকাল (মঙ্গলবার) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত কমিটির বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। বৈঠকে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে আধুনিকায়নের উপর গুরুত্বারোপ করা হয়েছে বলে কমিটির সভাপতি জানান। বৈঠকে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি নিয়ে আলোচনা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, সৃজনশীল প্রশ্ন পদ্ধতি বহাল থাকবে। তবে এটি পর্যায়ক্রমে চালু করা হবে। একই সঙ্গে এ বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান ও প্রশ্নের ভাষা সহজ করার পরামর্শ দেয়া হয়েছে। এছাড়া পাঠ্যপুস্তক ছাপার কাজে দেশী কাগজ ব্যবহারের জন্য বলা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

রাশেদ খান মেননের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে কমিটির সদস্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, হুইপ মির্জা আজম, বীরেন শিকদার, হুইপ শেখ আব্দুল ওহাব, মোঃ শাহ আলম, মোঃ জিয়াউর রহমান ও কাজী ফারুক কাদের উপস্থিত ছিলেন।